দৈনিক ইত্তেফাক

তারিখ 12 FEB 1990
পৃষ্ঠা ৮ কলাম ৬

09

# সঙ্গীত মহাবিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন

বিকৃত ও অপসংস্কৃতির প্রভাব প্রতিরোধ করার জন্য বেগম রওশন এরশাদ বাংলাদেশী সংস্কৃতির বিকাশ সাধনের আহ্বান জানাইয়াছেন।

বাসস জানায়, ফার্ষ্ট লেডী গতকাল (রবিবার) সরকারী সঙ্গীত মহাবিদ্যালয় ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে বক্তৃতা করিতেছিলেন। শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, শিক্ষা প্রতিমন্ত্রী মনসুর আলী সরকার, শিক্ষা সচিব এ এন এম ইউসুফ এবং সঙ্গীত মহাবিদ্যালয়ের অধ্যক্ষ আজাদ রহমান ও অনুষ্ঠানে বক্তৃতা করেন।

ফার্স্ট লেডী আশা প্রকাশ করেন, দেশের সঙ্গীত ঐতিহ্য আরও সমৃদ্ধ করিতে সঙ্গীত মহাবিদ্যালয় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিবে। সঙ্গীতের প্রাতিষ্ঠানিক শিক্ষাদানে সরকারের উদ্যোগের অংশ হিসাবেই এই মহাবিদ্যালয়ের ভিত্তি স্থাপন করা হইয়াছে।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেন, প্রেসিডেন্ট এরশাদের সরকারই প্রথমবারের মত সংস্কৃতির ক্ষেত্রে উন্নয়নের জন্য সক্রিয়ভাবে উদ্যোগ নিয়াছেন।

আগারগাঁও এলাকায় ১ দশমিক ৬৩ একর জমিতে ১ কোটি ৪৭ লক্ষ ৭৫ হাজার ৬ শত ১১ টাকা ব্যয়ে পাঁচতলা এই ভবনটি নির্মিত হইবে।

পরে ফার্ষ্ট লেডী ভবনের ভিত্তিপ্রস্তরের উন্মোচন এবং মোনাজাত করেন।